গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
www.lgd.gov.bd

বিষয়: সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০৩০ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা বিষয়ে কৌশলপত্র স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মোঃ নিজাম উদ্দিন, সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার স্থান: শীতলক্ষ্যা হল, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (হাইব্রিড মোড)
তারিখ ও সময়: ১৬ জানুয়ারি ২০২৫
সময়: ১২:০০ – ১৪:০০

**অংশগ্রহণকারীর তালিকা: পরিশিষ্ট-১**

কৌশলপত্র স্টিয়ারিং কমিটির ৫ম সভায় অংশগ্রহনের জন্য সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, "সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্ননয়ন কৌশলপত্র ২০৩০" সিটি কর্পোরেশনের গভর্ন্যান্স উন্নয়নসহ সক্ষমতা উন্নয়নে গরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সকল সিটি কর্পোরেশনকে কৌশলপত্র যথাযথ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি কৌশলপত্র সম্পর্কিত মধ্য মেয়াদি কর্মপরিকল্পনার অগ্রগতি উপস্থাপনের জন্য স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদারকে অনুরোধ করেন।

স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব ও সিফরসি-২ প্রকল্পের প্রকল্প পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার সকলকে অবহিত করেন যে এটি কৌশলপত্র স্টিয়ারিং কমিটির ৫ম সভা। তিনি উল্লেখ করেন যে জাইকা সিফরসি প্রকল্পের কারিগরি সহায়তায় স্থানীয় সরকার বিভাগ ২০২০ সালে সিটি কর্পোরেশনের জন্য "সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০২০ – ২০৩০" প্রণয়ন করে। আজকের সভার মূল উদ্দেশ্য হল কৌশলপত্র বাস্তবায়ন সম্পর্কিত মধ্যমেয়াদি কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করা।

**উপস্থাপনা ও আলোচনা**

প্রথমেই গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গত সভায় গৃহীত ৫টি সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্তই বাস্তবায়িত হয়। একটি সিদ্ধান্ত ছিল কৌশলপত্র স্টিয়ারিং কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে করা যায় কিনা। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে আজকের সভায় বিষয়টি আলোচনা হয়। আইএমইডি'র প্রতিনিধি কৌশলপত্র স্টিয়ারিং কমিটির সভা প্রতি তিনমাসে একবার করা যেতে পারে মর্মে মত দেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতি: দায়িত্ব) বলেন যে, সিটি কর্পোরেশনসমূহকে অনেকগুলো সভা আয়োজন করতে হয় এবং অংশগ্রহণ করতে হয়। সকলদিক বিবেচনায় নিয়ে তিনি কৌশলপত্র স্টিয়ারিং কমিটির সভা বছরে দু'বার আয়োজনের প্রস্তাব করেন। সভায় উপস্থিত অন্য সদস্যগণও এ প্রস্তাবটি সমর্থন করেন। সভার মতামতের ভিত্তিতে সভাপতি কৌশলপত্র স্টিয়ারিং কমিটির সভা বছরে দু'বার আয়োজনের জন্য পরামর্শ প্রদান করেন।

দ্বিতীয়ত, কৌশলপত্র বাস্তবায়ন সম্পর্কে তিনি বলেন যে, এলজিডি কৌশলপত্রের মধ্যমেয়াদি আউটপুটগুলোর সাথে সামঞ্জস্য রেখে ১৩টি কার্যক্রম বাস্তবায়নের জন্য পরিকল্পনা গ্রহণ করেছিল, তারমধ্যে ৬টি অর্জিত হয়েছে এবং অবশিষ্টগুলো অর্জনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, সকল সিটি কর্পোরেশনে কৌশলপত্র বাস্তবায়ন কমিটি রয়েছে, যার মাধ্যমে মধ্যমেয়াদি কর্ম পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। সিটি কর্পোরেশন পর্যায়ে অগ্রগতি নিম্নরূপ:

লক্ষ্য ১: প্রবিধান/উপ-আইন

- এলজিডি কর্তৃক প্রণীত মডেল প্রবিধান অনুসরণ করে নারায়ণগঞ্জ, কুমিল্লা ও রংপুর সিটি কর্পোরেশন ২টি প্রবিধানের খসড়া প্রস্তুত করেছে (অর্থবছর ২০১৯-২০) এবং চট্টগ্রাম, সিলেট ও খুলনা সিটি কর্পোরেশনও ২০২৩-২৪ অর্থবছরে ২টি প্রবিধানের খসড়া প্রস্তুত করেছে।
- ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, রাজশাহী ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অন্যান্য বিষয়ে প্রবিধান প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে।

**লক্ষ্য ২: সাংগঠনিক উন্নয়ন**

বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন

- ২০২১-২২ অর্থবছর: ১১টি সিটি কর্পোরেশন প্রতিবেদন প্রস্তুত করেছে
- ২০২২-২৩ অর্থবছর: ১০টি সিটি কর্পোরেশন প্রতিবেদন প্রস্তুত করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন আইনে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রস্তুত করেছে।
- ২০২৩-২৪ অর্থবছর: ১২টি সিটি কর্পোরেশন প্রতিবেদন প্রস্তুত করেছে। রংপুর সিটি কর্পোরেশন আইনে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রস্তুত করেছে।

সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটি (সিএলসিসি)

- ১০টি সিটি কর্পোরেশন সিএলসিসি গঠন করেছে।
- অর্থবছর ২০২২/২৩ – ২০২৩/২৪: মোট ৩৩টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- রংপুর, চট্টগ্রাম, নরায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সিএলসিসি পুণর্গঠন করেছে

ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি)

- সকল সিটি কর্পোরেশনের ৪৮০টি ওয়ার্ডের মধ্যে ৩৫৩টি ওয়ার্ড ডাব্লুএলসিসি গঠন করেছে।
- অর্থবছর ২০২২/২৩ – ২০২৩/২৪: মোট ৩৬২টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- অর্থবছর ২০২৪-২৫: নারায়ণগঞ্জ, গাজীপুর ও কুমিল্লা সিটি কর্পোরেশন কিছু ওয়ার্ডে ডব্লিউএলসিসি'র সভা করেছে।

নাগরিক জরিপ

- ১০টি সিটি কর্পোরেশন সিএলসিস 'র নাগরিক সদস্যদের সাথে ১ম নাগরিক জরিপ পরিচালনা করেছে। ২য় নাগরিক জরিপের প্রস্তুতি চলছে।
- এনসিসি ও ডিএনসিসি একটি অনলাইন নাগরিক জরিপ পরিচালনার পরিকল্পনা করছে।

লক্ষ্য ৩: বাজেট ও রাজস্ব ব্যবস্থাপনা

- ২০২৩-২৪ অর্থবছর: বিএসিএস-বেজড অভিন্ন বাজেট ফর্ম ব্যবহার করে ১০ সিটি কর্পোরেশন বাজেট প্রস্তুত করেছে.
- ২০২৩-২৪ অর্থবছর: বিএসিএস-বেজড অভিন্ন ফর্ম ব্যবহার করে ৭টি সিটি কর্পোরেশন বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করেছে। অন্যান্য সিটি কর্পোরেশন এর উপর কাজ করছে।
- ২০২৪-২৫ অর্থবছর: বিএসিএস-বেজড অভিন্ন বাজেট ফর্ম ব্যবহার করে ১২ সিটি কর্পোরেশন বাজেট প্রস্তুত করেছে
- বিভিন্ন সিটি কর্পোরেশনে নাগরিক বাজেট প্রস্তুত করা হচ্ছে।
- হোল্ডিং ট্যাক্স রাজস্ব বৃদ্ধির জন্য ১০টি সিটি কর্পোরেশনে করদাতাদের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে। রংপুর সিটি কর্পোরেশনে ৫টি স্কুলে ট্যাক্স সম্পর্কিত স্কুল রচনা প্রতিযোগিতার পরিকল্পনা করেছে, শিক্ষক ও ৪০০ শিক্ষার্থীকে ওরিয়েন্টেড করেছে।

লক্ষ্য ৪: মানবসম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ)

- অর্থবছর ২০২২-২৩: ৭টি সিটি কর্পোরেশন কমপক্ষে ৫টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে
- অর্থবছর ২০২৩-২৪: সকল সিটি কর্পোরেশন নিজস্ব প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করেছে
- অর্থবছর ২০২৪-২৫: ৯টি সিটি কর্পোরেশন নিজস্ব প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করেছে
- অর্থবছর ২০২২-২৩ ও ২০২৩-২৪: আইনি উপকরণ, বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন এবং প্রশিক্ষণ পরিকল্পনা ও ব্যবস্থাপনা সম্পর্কিত পারস্পরিক শিখন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে

তৃতীয়ত, সিটি গভর্ন্যান্স মূল্যায়ন সম্পর্কে তিনি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে পারফরম্যান্স অ্যাসেসমেন্ট থেকে অর্জিত অভিজ্ঞতার আলোকে স্থানীয় সরকার বিভাগ সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গভর্ন্যান্সকে গুরুত্ব দিয়ে সিটি গভর্ন্যান্স মূল্যায়ন পরিচালনার জন্য পরিকল্পনা গ্রহণ করে। এ লক্ষ্যে ১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে সকল সিটি কর্পোরেশনের প্রতিনিধিদের নিয়ে একটি কর্মশালার মাধ্যমে ১ম সিটি গর্ভন্যান্স মূল্যায়নের জন্য ২৩টি সূচক নির্ধারণ করা হয়। এর আলোকে ২০২৪ সালের জুন মাসে অনুষ্ঠিত ১ম সিটি গর্ভন্যান্স মূল্যায়নের ফলাফল সভায় উপস্থাপন করা হয়।

২য় সিটি গভর্ন্যান্স মূল্যায়নের লক্ষ্যে ১৫টি সূচক অনুমোদনের জন্য প্রস্তাব করা হয় (পরিশিষ্ট ২ দেখুন)। মহাপরিচালক এমআইই উইং, এলজিডি বলেন, প্রস্তাবিত সূচকগুলোতে মূলত প্রক্রিয়াগত দিক গুরুত্ব দেয়া হয়েছে। তিনি এগুলোর সাথে হোল্ডিং ট্যাক্স অ্যাসেসমেন্ট ও প্রভাব সম্পর্কিত কয়েকটি সূচক যুক্ত করার প্রস্তাব করেন। স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব ও সিফরসি-২ প্রকল্পের প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, হোল্ডিং ট্যাক্স সংক্রান্ত কয়েকটি সূচক রয়েছে এবং এই মূল্যায়ন মূলত সিটি করপোরেশনের গভর্ন্যান্স দিকগুলোর ওপর আলোকপাত করে নির্ধারণ করা হয়েছে। সভায় আলোচনা ও পর্যালোচনার পর ২য় সিটি গভর্ন্যান্স মূল্যায়নের জন্য ১৫টি সূচক অনুমোদন করা হয়। এ ১৫টি সূচকের আলোকে ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসের শেষের দিকে মূল্যায়ন কার্যক্রমটি পরিচালিত হবে। সূচকের যাচাইয়ের মাধ্যমগুলো সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং এলজিডিতে পাওয়া যাবে।

চতুর্থত, এলজিডির যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক আরও বলেন, সিএলসিসি এবং ডব্লিউএলসিসি নাগরিক সম্পৃক্ততার জন্য সিটি কর্পোরেশনের অত্যন্ত গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তারা সিএলসিসি'র সদস্যদের সংশোধিত তালিকা চূড়ান্ত করেছে। খুব শীঘ্রই সিএলসিসি গঠন করবেন এবং সে অনুযায়ী সভা আহ্বান করবেন। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রশাসক মহোদয় সভাকে অবহিত করেন যে, তারা সদস্যদের তালিকা সংশোধন করে একটি সিএলসিসি পুণর্গঠন করে একটি সভা আয়োজন করেছে। সভার সভাপতি সকল সিটি করপোরেশনকে সিএলসিসি পুনর্গঠন করে নিয়মিতভাবে সভা আয়োজনের অনুরোধ জানান।

**<u>সিদ্ধান্তসমূহ:</u>**

- কৌশলপত্র স্টিয়ারিং কমিটির সভা বছরে দু'বার আয়োজন করতে হবে।
- সকল সিটি কর্পোরেশনকে সিটি কর্পোরেশন আইন ২০০৯ এ নির্ধারিত সময়সীমা অনুযায়ী বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন এবং বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করতে হবে।
- সিটি করপোরেশনসমূহ সিএলসিসি পুনর্গঠন করে তাদের সভা অব্যাহত রাখতে হবে।
- দ্বিতীয় সিটি গভর্ন্যান্স মূল্যায়নের জন্য ১৫টি সূচক অনুমোদন করা হলো। এর ভিত্তিতে ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসের শেষের দিকে মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হবে।
- স্থানীয় সরকার বিভাগ গুরুত্বপূর্ণ কিছু আইনি উপকরণ প্রণয়নের জন্য জাইকা ও অন্যান্য উন্নয়ন সহযোগীদের আহ্বান জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভার সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল প্রতিনিধিদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১/২৫

মোঃ নিজাম উদ্দিন
সচিব, স্থানীয় সরকার বিভাগ
ও
সভাপতি
কৌশলপত্র বাস্তবায়ন স্টিয়ারিং কমিটি

**পরিশিষ্ট-১: অংশগ্রহণকারীদের তালিকা**

| ক্রম | নাম | পদবী | ফোন নং | অংশগ্রহণ |
|---|---|---|---|---|
| **স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়** | | | | |
| ১ | মোঃ নিজাম উদ্দিন | সচিব | ০২৪৭১১২৫৫০ | সরাসরি অংশগ্রহণ |
| ২ | মাহমুদুল হাসা | মহাপরিচালক, এমআইই অনুবিভাগ | ০১৭১২২৯৭৪২৯ | |
| ৩ | এ এইচ এম কামরুজ্জামান | অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ | | |
| ৪ | ড. আবু নছর আবদুল্লাহ | যুগ্ম সচিব, পরিকল্পনা, এমআইই অনুবিভাগ | | |
| ৫ | মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার | যুগ্ম সচিব, পলিসি সাপোর্ট ব্রাঞ্চ | ০১৭১৬১৪৭০৫৬ | |
| ৬ | মোঃ আল-মামুন | যুগ্ম সচিব, পরিকল্পনা, এমআইই অনুবিভাগ | ০১৭১২১১৭৩৩৩ | |
| ৭ | মাহবুবা আইরিন | উপসচিব, সিসি-১, নগর উন্নয়ন অনুবিভাগ | ০১৭১১৪৮২২৮১ | |
| ৮ | মোঃ ফিরোজ মাহমুদ | উপসচিব, সিসি-২, নগর উন্নয়ন অনুবিভাগ | ০১৭২১৮২৯২২১ | |
| ৯ | মোঃ সফুর উদ্দিন | সহকারি মেইনটেন্স ইঞ্জিনিয়ার | ০১৬৭২০১১৭৪৫ | |
| **অর্থ মন্ত্রণালয়** | | | | |
| ১০ | মোছাঃ রুখসানা রহমান | উপসচিব, অর্থ বিভাগ | ০১৭১২২৩৬৫৯৫ | সরাসরি অংশগ্রহণ |
| ১১ | মোঃ আবু সাঈদ | অতিরিক্ত সচিব, ইআরডি | ০১৭১৬১১১৯১৮ | |
| **জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট** | | | | |
| ১২ | ড. মোহাম্মদ আরিফুর রহমান শেখ | পরিচালক, গবেষণা ও পরিকল্পনা (যুগ্ম সচিব) | ০১৭৬৮৩৮২৭৭৫ | সরাসরি অংশগ্রহণ |
| ১৩ | মোঃ নুরূল ইসলাম | সহকারি পরিচালক | ০১৭১১৯০১২৩ | |
| **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** | | | | |
| ১৪ | মোঃ এনামুল হক | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ০১৭৮০৪৪৯৯৬ | সরাসরি অংশগ্রহণ |
| **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** | | | | |
| ১৫ | তুষার মোহন সাধু খান | প্রধান প্রকৌশলী | ০১৭১২২৯৭৪২৯ | সরাসরি অংশগ্রহণ |
| **সিটি কর্পোরেশন** | | | | |
| ১৬ | মোঃ তায়েব রোকন | সিস্টেম এনালিস্ট ও সিফোরসি ২ ফোকাল পয়েন্ট অফিসার, ঢাকা দক্ষিণ | ০১৭১১৭৮১৮৪৭ | সরাসরি অংশগ্রহণ |
| ১৭ | নোমান আল রাব্বী | সহকারী প্রোগ্রামার, ঢাকা দক্ষিণ | ০১৫৭৫২৬৭৯৭৩ | |
| ১৮ | মোহাম্মদ মাসুদ আলম সিদ্দিকী | প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ঢাকা উত্তর | ০১৭১২০৯২৭৪০ | |
| ১৯ | ড. এ.বি.এম শরীফ উদ্দিন | প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব), রাজশাহী | | অনলাইনে অংশগ্রহণ |
| ২০ | মোহাম্মদ আশরাফুল আমিন | সচিব, চট্টগ্রাম | | |
| ২১ | লস্কর তাজুল ইসলাম | প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা | ০১৭১৫৩০৬৬৬০ | |
| ২২ | শরীফ আসিফ রহমান | সচিব, খুলনা | ০১৭২০৮১৩০৭৮ | |
| ২৩ | মুহাম্মদ রেজাই রাফিন সরকার | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট | | |
| ২৪ | মোঃ রেজাউল বারী | প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল | | |
| 25 | সৈয়দা তাবাসসুম ইসলাম | নগর পরিকল্পনাবিদ, বরিশাল | | |
| ২৬ | রুম্পা শিকদার | আঞ্চলিক কর্মকর্তা, বরিশাল | | |
| ২৭ | মোহাম্মদ জাকির হুসাইন | প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ | | |
| ২৮ | মোঃ সামছুল আলম | প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব), কুমিল্লা | | |
| ২৯ | জয়শ্রী রানী রায় | সচিব, রংপুর | ০১৭৫০৭৭০০৫০ | |
| ৩০ | নমিতা দে | সচিব, গাজীপুর | | |
| ৩১ | মোঃ আব্দুল হামিদ সরকার | বস্তি উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর | | |
| ৩২ | উম্মে হালিমা | সমাজকল্যান কর্মকর্তা, ময়মনসিংহ | | |

| ক্রম | নাম | পদবী | ফোন নং | অংশগ্রহণ |
|---|---|---|---|---|
| **জাইকা বাংলাদেশ ও হেড অফিস** | | | | |
| ৩৩ | ইজি ইয়ামাদা | সিনিয়র রিপ্রেজেন্টেটিভ, বাংলাদেশ অফিস | | সরাসরি অংশগ্রহণ |
| ৩৪ | ফোমিকু সাকোন | সহকারী পরিচালক, জনশাসন গ্রুপ, গভর্নেন্স অ্যান্ড পিস বিল্ডিং ডিপার্টমেন্ট, হেডকোয়ার্টার | | |
| ৩৫ | সানজিদা হক | ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার বাংলাদেশ অফিস | ০১৭১৩০৮২৭২০ | |
| **C4C-2 জাইকা টিম** | | | | |
| ৩৬ | নাউকো আনজায় | টিম লিডার | ০১৩১২৪৬৭২৬১ | সরাসরি অংশগ্রহণ |
| | C4C-2 জাইকা টিমের সদস্যবৃন্দ | | | সরাসরি ও অনলাইনে অংশগ্রহণ |

**পরিশিষ্ট ২: ২য় সিটি গভর্ন্যান্স মূল্যায়ন (সিজিএ) এর জন্য সূচক ও যাচাইয়ের মাধ্যম**

| ক্যাটাগরি | ক্রমিক | সূচক | যাচাইয়ের মাধ্যম (সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে পাওয়া যাবে) |
|---|---|---|---|
| **সাংগঠনিক** | ১ | **সাধারণ সভা:** সিটি কর্পোরেশন আইন অনুযায়ী গত অর্থবছরে কর্পোরেশন কর্তৃক আয়োজিত **সাধারণ সভার** সংখ্যা | ▪ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন, অধ্যায় ৯ এর সারণী ৯.১ |
| | ২ | **বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন:** সিটি কর্পোরেশন আইন অনুযায়ী ৩০ সেপ্টেম্বর-এর মধ্যে গত অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত ও গৃহীত। | ▪ গত অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন<br>▪ কর্পোরেশনের যে সভায় (৩০ সেপ্টেম্বরের মধ্যে) বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন গৃহীত হয়েছে সে সভার কার্যবিবরণী |
| | ৩ | **উন্নয়ন সংক্রান্ত ক্রমপুঞ্জিত অর্জন**: সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের প্রদত্ত সারণীতে কমপক্ষে ৫টি বিষয়/আইটেম সম্পর্কে সম্পূর্ণ তথ্য উল্লেখ করা হয়েছে | ▪ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন, অধ্যায় ৬ এর সারণী ৬.২ |
| | ৪ | **পরিষেবা**: পরিষেবা প্রদান এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কমপক্ষে ৫টি সূচক সম্পর্কে সম্পূর্ণ তথ্য বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। | ▪ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন, অধ্যায় ৭ এর সারণী, |
| | ৫ | **প্রশিক্ষণ:** সিটি কর্পোরেশন গত অর্থবছরে অনুষ্ঠিত কমপক্ষে ৫টি প্রশিক্ষণ কোর্স সম্পর্কে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ করেছে। | ▪ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন, অধ্যায় ৮ এর সারণী ৮.২ |
| | *নোট:*<br>▪ *ভবিষ্যতে সিটি কর্পোরেশনের নির্বাচনের পর স্থায়ী কমিটির কার্যক্রম সম্পর্কে সূচক যুক্ত করা যেতে পারে।*<br>▪ *উন্নয়ন, সেবা প্রদান ও প্রশিক্ষন (সূচক ৩, ৪ ও ৫) বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের সংশ্লিষ্ট অধ্যায়/সেকশনের বিবরণ দেখে মূল্যায়ন করা হবে। প্রতিবেদনের এই অংশগুলো পূরণ করার জন্য সিটি কর্পোরেশনের আন্তঃবিভাগীয় সমন্বয় প্রয়োজন এবং তাই এই সূচকগুলি সিটি কর্পোরেশনের সাংগঠনিক ক্ষমতাও ক্যাপচার করতে পারে* | | |
| **আর্থিক ব্যবস্থাপনা** | ৬ | **বাজেট:** বিএসিএস ভিত্তিক অভিন্ন বাজেট ফর্ম ব্যবহার করে সিটি কর্পোরেশন চলতি অর্থবছরের **বাজেট** প্রস্তুত করেছে। | ▪ অভিন্ন ফর্ম ব্যবহার করে বাজেট প্রস্তুত<br>▪ কর্পোরেশনের যে সভায় বাজেট গৃহীত হয়েছে সে সভার কার্যবিবরণী |
| | ৭ | **ক্রয় পরিকল্পনা:** পাবলিক প্রকিউরমেন্ট আইন অনুযায়ী সিটি কর্পোরেশন কর্তৃক বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত ও গৃহীত | ▪ বার্ষিক ক্রয় পরিকল্পনা |
| | ৮ | **বার্ষিক হিসাব বিবরণী:** সিটি কর্পোরেশন আইন অনুযায়ী ডিসেম্বরের শেষে গত অর্থবছরের **বার্ষিক হিসাব বিবরণী** প্রস্তুত ও গৃহীত | ▪ অভিন্ন ফর্ম ব্যবহার করে প্রস্তুতকৃত বার্ষিক হিসাব বিবরণী<br>▪ কর্পোরেশনের যে সভায় বাজেট গৃহীত হয়েছে সে সভার কার্যবিবরণী |
| | ৯ | **হোল্ডিং ট্যাক্স:** চলতি ও বকেয়া উভয় ক্ষেত্রেই গত অর্থবছরে হোল্ডিং ট্যাক্স আদায়ের হার (দক্ষতা হিসাবেও বিবেচিত) বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখিত। | ▪ বার্ষিক হিসাব বিবরণী, অধ্যায় ৫ এর সারণী ৫.২ (১) |
| | ১০ | **হোল্ডিং ট্যাক্স:** গত অর্থবছরের জন্য প্রতিটি ওয়ার্ডের হোল্ডিং ট্যাক্স আদায় (চলতি ও বকেয়া) সম্পর্কে সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। | ▪ বার্ষিক হিসাব বিবরণী, অধ্যায় ৫ এর সারণী ৫.২ (৩) |
| | ১১ | **হোল্ডিং ট্যাক্স:** গত অর্থবছরের তুলনায় এর পূর্বের অর্থবছরের সিটি কর্পোরেশনের মোট হোল্ডিং ট্যাক্স আদায়ের পরিমাণ বেড়েছে। | ▪ বার্ষিক হিসাব বিবরণী, অধ্যায় ৫ এর সারণী ৫.২ (১) |
| | *নোট:* | | |

| | | | |
|---|---|---|---|
| | ▪ *নিম্নলিখিত বিষয়সমূহ ভবিষ্যতে সূচকে যুক্ত করা যেতে পারে:*<br>- *বাস্তবাসম্মত বাজেট, অর্থাৎ, রাজস্ব হিসাবের ক্ষেত্রে মূল বাজেট অনুসারে বাজেট বাস্তবায়নের হার (উন্নয়ন বাজেট ব্যাতীত, যা সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণ করতে পারে)*<br>- *পেশা, ব্যবসা এবং কলিংয়ের উপর ট্যাক্স বছর বছর বৃদ্ধি (ট্রেড লাইসেন্স হিসাবেও পরিচিত)* | | |
| **নাগরিক সম্পৃক্ততা** | ১২ | **নাগরিক সনদ:** হালনাগাদ নাগরিক সনদ প্রকাশ করতে হবে। | ▪ বর্তমান বা পূর্ববর্তী অর্থবছরের হালনাগাদ নাগরিক সনদ কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত |
| | ১৩ | **সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি):** স্থানীয় সরকার বিভাগের নির্দেশিকা অনুযায়ী সিটি কর্পোরেশন কমিটি গঠন করেছে। | ▪ সিএলসিসি সদস্যদের তালিকা |
| | ১৪ | **সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি):** সিটি কর্পোরেশন গত অর্থবছরে কমপক্ষে একটি সভা আয়োজন করেছে | ▪ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন, অধ্যায় ১০ এর সারণী ১০.২<br>▪ সিএলসিসি সভার কার্যবিবরণী |
| | ১৫ | **নাগরিক জরিপ:** চলতি অর্থবছরসহ গত তিন অর্থবছরে অন্তত একবার নাগরিক জরিপ পরিচালনা করেছে। | ▪ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন, অধ্যায় ১০ এর সারণী ১০.৫ (৩)<br>▪ নাগরিক জরিপের ফলাফল |
| | *নোট:*<br>▪ *ভবিষ্যতে সিটি কর্পোরেশন নির্বাচনের পরে ডব্লিউএলসিসিসমূহের কার্যক্রম সম্পর্কিত সূচক যুক্ত করা যেতে পারে।*<br>▪ *সাংগঠনিক ও আর্থিক ব্যবস্থাপনাসহ সকল সূচক ও যাচাইয়ের মাধ্যমগুলো সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন।* | | |